



# PRESS CLUB, KOLKATA

Registration No. - S/6012 of 1963 - 1964



ESTD. 1945

১ নভেম্বর ২০২১

## চিত্র সাংবাদিক হিল্টন ঘোষের অকাল প্রয়াণে প্রেস ক্লাব, কলকাতার শোকবার্তা।

চিত্র সাংবাদিক হিল্টন ঘোষের আকস্মিক প্রয়াণে প্রেস ক্লাব, কলকাতা গভীর শোক প্রকাশ করেছে। ৩১ অক্টোবর ২০২১ রবিবার উত্তর প্রদেশের বেরেলির কাছে এক গাড়ি দুর্ঘটনায় তাঁর মৃত্যু হয়েছে। বয়স হয়েছিল ৫০। দুর্ঘটনায় গুঁর স্ত্রী ও কন্যাও কিছুটা আহত হয়েছেন।

হিল্টন ঘোষ আনন্দবাজার, এবেলা, টিভি নাইন প্রভৃতি সংবাদ প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত ছিলেন। এই সক্রিয় চিত্রসাংবাদিক তাঁর হাস্যোজ্জ্বল ও সদালাপী ব্যক্তিত্বের জন্য অত্যন্ত জনপ্রিয় ছিলেন। পেশাগত কাজে তাঁর তৎপরতা ছিল চোখে পড়ার মতো। চিত্র সাংবাদিকতার সঙ্গে তিনি প্রতিবেদকের দায়িত্বও পালন করেছেন।

ট্রেকিং এবং এডভেঞ্চার স্পোর্টসেও তাঁর নেশা ছিল। ট্রেকিং এর জন্যেই তিনি নিজে গাড়ি চালিয়ে উত্তর প্রদেশ গিয়ে ছিলেন। সেখান থেকে ফেরার পথেই তাঁর গাড়িটি দুর্ঘটনায় পড়ে।

প্রেস ক্লাব, কলকাতা সংবাদ জগতের এই উজ্জ্বল ও সপ্রতিভ ব্যক্তিত্বের আকস্মিক ও অকাল প্রয়াণে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছে এবং তাঁর পরিবার এবং সতীর্থদের জানাচ্ছে গভীর সমবেদনা।

স্নেহাশিস সুর (সভাপতি)

কিংশুক প্রামাণিক (সম্পাদক)